



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩৩৫৫

৭ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর-এর অধ্যক্ষ প্রফেসর সৈয়দ আলী আজম (আইডি-৭২৭৪) মস্তিস্কে রক্তক্ষরণজনিত কারণে গুরুতর অসুস্থ অবস্থায় ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স হসপিটালে চিকিৎসাধীন রয়েছেন। এ অবস্থায় কলেজের জরুরী কার্যাদি সম্পন্নকরণের লক্ষ্যে কলেজের উপাধ্যক্ষ প্রফেসর পান্না লাল রায় (আইডি-৩৯৯০) আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে উপাধ্যক্ষ প্রফেসর পান্না লাল রায় (আইডি-৩৯৯০)-কে অধ্যক্ষের অসুস্থকালীন সময়ের জন্য সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহঃ

- পরবর্তীতে সুস্থতা সাপেক্ষে অধ্যক্ষের যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিনিয়ত বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২২-১১-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩৩৫৫/১ (৮)

৭ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩। প্রফেসর সৈয়দ আলী আজম (আইডি-৭২৭৪), সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর;
- ৪। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৫। প্রফেসর পান্না লাল রায় (আইডি-৩৯৯০), সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর;
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... এবং
- ৮। সংরক্ষণ নথি।



*Janis*

১২-১১-২০২৩  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক